



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়ীয়া-৫৯/৯২

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২
১২ এপ্রিল, ২০২৬

বিষয়: ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা উপজেলাধীন মেহারী ও বায়দিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলাম খাঁন এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সুস্পষ্ট নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া স্মারক নং-০৫.৪২.১২৬৩.০০০.০৬.০০৫.২৬-২৩৫;
তারিখ: ০২/০৪/২০২৬ খ্রি.
- ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া স্মারক নং-০৫.৪২.১২৬৩.০০০.০৬.০০৫.২৫-৫৯২;
তারিখ: ১০/০৯/২০২৫ খ্রি.
- ৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়ীয়া-৫৯/৩৯; তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা উপজেলাধীন মেহারী ও বায়দিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলাম খাঁন এর বিরুদ্ধে অর্থ আত্মসাত, অবৈধ নিয়োগ, যোগদানসহ বিভিন্ন বিষয়ে জনৈক মোঃ মহসীন হোসেন একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার কসবা, ব্রাহ্মণবাড়ীয়া-কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তা সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান বরাবর একখানা প্রতিবেদন প্রেরণ করেন। প্রেরিত প্রতিবেদনে অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অর্থ আত্মসাত, অধ্যক্ষ নিয়োগে ত্রুটিসহ পূর্বের মাদ্রাসার ছাড়পত্র জালিয়াতির অভিযোগ প্রমাণিত হয় মর্মে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন। অভিযুক্ত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলাম খাঁন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে আত্মপক্ষ সমর্থনের জন্য বোর্ড কর্তৃক কারণ দর্শানো হয়। অভিযুক্ত অধ্যক্ষ যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা উপজেলাধীন মেহারী ও বায়দিয়া আলিম মাদ্রাসায় দীর্ঘদিন কোন কমিটি না থাকায় এডহক কমিটি গঠন বাঞ্ছনীয়। বোর্ড অনুমোদিত এডহক কমিটি কর্তৃক অভিযুক্ত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলাম খাঁন-কে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ এর প্রবিধান ৫৩ ও ৫৪ অনুসরণপূর্বক সাময়িক বরখাস্ত করে প্রবিধান ৫৬ অনুসারে চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য বোর্ডের আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটির নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩২.৪.২৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়ীয়া;

নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়ীয়া-৫৯/৯২

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২
১২ এপ্রিল, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়ীয়া;
২. উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া;
৩. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়ীয়া;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া;
৫. সভাপতি/অধ্যক্ষ, মেহারী ও বায়দিয়া আলিম মাদ্রাসা, কসবা, ব্রাহ্মণবাড়ীয়া;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. অফিস কপি।

৩২.৪.২৬

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd